| | | | |
|---|---|---|---|
| মনিহারি | ১০,৫০০ | ডাক চার্জ | ৩,০০০ |
| প্রাপ্ত লভ্যাংশ | ৪,৫০০ | প্রারম্ভিক মূলধন | ১,০৫,০০০ |
| সুনামের অবলোপন | ৬,০০০ | সমাপনী মূলধন | ১,৩৫,০০০ |
| ইজারা সম্পত্তির অবলোপন | ৭,৫০০ | লগ্নিপত্রের বকেয়া সুদ | ৩,০০০ |
| বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ | ৬,০০০ | | |

ক) কোন কোন দফাগুলো রেওয়ামিলে আসে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ) চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ কত? ৪
গ) উপরোক্ত খতিয়ানের উদ্বৃত্তগুলো থেকে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

# অধ্যায়-১০-আর্থিক বিবরণী

১। টিউলিপ এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল এবং অন্যান্য তথ্যাবলি নিম্নরুপঃ

টিউলিপ এন্টারপ্রাইজে
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে

| হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| মুলধন | | | ৩০,০০০ |
| উত্তোলন | | ৪,৪০০ | |
| ৬% হারে বন্ধকি ঋণ( ১-৭-২৩) | | | ৪৩,০০০ |
| বিবিধ দেনাদার ও পাওনাদার | | ৩০,০০০ | ৩০,০০০ |
| আসবাবপত্র | | ৫,০০০ | |
| দালানকোঠা | | ৪২,০০০ | |
| মজুদ পণ্য( ১-১-২৩) | | ১৫,০০০ | |
| ক্রয় এবং বিক্রয় | | ৬৬,৯০০০ | ৭০,০০০ |
| পণ্য ফেরত | | ১,৪০০ | |
| মজুরি | | ৮০০ | |
| বেতন | | ১,২০০ | |
| কারবারি খরচ | | ২,০০০ | |
| ভাড়া | | ১,৫০০ | |
| বিমা | | ৫০০ | |
| অনাদারি পাওনা সঞ্চিতি | | | ৮০০ |
| হাতে নগদ | | ৬০০ | |
| ব্যাংকে জমা | | ২,৫০০ | |
| | | ১,৭৩,৮০০ | ১,৭৩,৮০০ |

সমন্বসমূহঃ (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১২,০০০ টাকা এবং বাজারমূল্য ১০,০০০ টাকা; (২) বন্ধকি ঋণের সুদ বকেয়া রয়েছে; (৩) মজুরি ২০০ টাকা এবং বেতন ৩০০ টাকা বকেয়া রয়েছে পক্ষান্তরে বিমা অগ্রিম প্রদান করা হয়েছে ১০০ টাকা; (৪) দেনাদারের ২,০০০ টাকা অনাদারি পাওনা বাবদ অবলোপন কর এবং অবশিষ্ট দেনাদারের ওপর ৫% হারে অনাদারি পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে (৫) আসবাবপত্রের ওপর ৫% এবং দালানকাঠোর ওপর ২.৫% হারে অবচয় ধার্য করতে হবে।

ক) সমন্বিত ক্রয়ের পরিমান নির্ণয় কর। ২
খ) ব্যবসায়ের মোট লাভ ১৮,০০০ টাকা ধরে টিউলিপ এন্টারপ্রাইজের নিট লাভ বা নিট ক্ষতি নির্ণয় কর। ৪
গ) ২০২৩ সালের ৩১ ডিসেম্বর টিউলিপ এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। অঙ্কিতা বিতানের ২০২২ সালের রেওয়ামিল নিম্নরুপঃ

অঙ্কিতা বিতান
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২২ সালের

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | উত্তোলন ও মুলধন | | ৫,০০০ | ৩৫,৩০০ |
| ২ | বেতন | | ৩,৬০০ | |
| ৩ | সাধারণ খরচ | | ২,৪০০ | |
| ৪ | শিক্ষানবিশ সেলামি | | | ৩,০০০ |
| ৫ | অনাদায়ি পাওনা | | ৮০০ | |
| ৬ | অনাদায়ি পাওনা সঞ্চিতি | | | ১,০০০ |
| ৭ | দেনাদার ও পাওনাদার | | ১৬,০০০ | ১০,০০০ |
| ৮ | যন্ত্রপাতি | | ১৭,০০০ | |
| ৯ | বন্ধকি ঋণ (১/৭/২২) | | | ৬,০০০ |
| ১০ | ইজারা সম্পত্তি (১০ বছর) | | ২০,০০০ | |
| ১১ | ক্রয় ও বিক্রয় | | ৩০,০০০ | ৫০,০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | পরিবহন | | ৫০০ | |
| ১৩ | সাধারণ সঞ্চিতি | | | ৪,০০০ |
| ১৪ | নগদতহবিল | | ১৪,০০০ | |
| | | | ১,০৯,৩০০ | ১,০৯,৩০০ |

সমন্বয়ের বিষয়ঃ (১) সমাপনী মজুদ পণ্য ৩২,০০০ টাকা ; (২) দেনাদার ১,০০০ অনাদায়ি পাওনা ধার্য কর; (৩) অব্যবহৃত মনিহারি ৪০০ টাকা ; (৪) বন্ধকি ঋণের ৬% এবং মুলধনের উপর ১০% সুদ ধরতে হবে।

ক) রেওয়ামিলের ভিত্তিতে মুলধন জাতীয় প্রাপ্তির পরিমান নির্ণয় কর। ২

খ) মোট লাভ ৫১,৫০০ হলে অঙ্কিতা বিতানের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ) ৩১ ডিসেম্বর ২০২২ সালের অঙ্কিতা বিতানের দায় ও মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

৩। পিয়া্স এন্ড ব্রাদার্স এর বিভিন্ন লেনদেনের আলোকে নিম্নোক্ত রেওয়ামিল তৈরি করা হয়েছে।

এন্ড ব্রাদার্স

রেওয়ামিল

৩১ মার্চ ২০২১

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৯৫,০০০.০০ | ১,৪০,০০০.০০ |
| পণ্য ফেরত | ৪,০০০.০০ | ৩,০০০.০০ |
| মজুরি | ১০,০০০.০০ | |
| ক্রয় পরিবহন | ২০০০.০০ | |
| বিক্রয় পরিবহন | ৮০০.০০ | |
| বীমা প্রিমিয়াম | ৫,০০০.০০ | |
| বিজ্ঞপন | ২,৫০০.০০ | |
| অনাদায়ী পওনা | ১,০০০.০০ | |
| কমিশন প্রাপ্তি | | ২,৬০০.০০ |
| যন্ত্রপাতি | ৪০,০০০.০০ | |
| বেতন | ১৩,০০০.০০ | |
| উত্তোলন মূলধন | ১৭,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| দেনাদার ও পাওনাদার | ৩৫,০০০.০০ | ১৯,৭০০.০০ |
| হাতে নগদ | ২৫,০০০.০০ | |
| মজুদ পণ্য (১লা এপ্রিল ২০২১) | ১৫,০০০.০০ | |
| | ২,৬৫,৩০০.০০ | ২,৬৫,৩০০.০০ |

**সমন্বয়সমূহ ঃ**

১. সমাপনী মজুদপণ্যের বাজার মূল্য ১৭,৫০০ টাকা ও ক্রয় মূল্য ২৫,০০০ টাকা।
২. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধরতে হবে।
৩. মজুরি ২,০০০ টাকা বকেয়া।

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ) মোট মুনাফা ৩১,৫০০ টাকা হলে নীট মুনাফার পরিমান কত? ৪

গ) পিয়াস এন্ড ব্রাদার্সের মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

৪। আমিন সাহেব একজন ব্যবসায়ী। তাঁর হিসাবরক্ষক নিম্নোক্ত তৈরি করেছেন।

রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০২২

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|

| | | |
|---|---|---|
| পণ্য ক্রয় | ১৪,৫২৫.০০ | |
| বিক্রয় | | ৩৫,৮০০.০০ |
| যাতায়াত খরচ | ৯,৩০০.০০ | |
| বাড়ী ভাড়া | ১,২৫০.০০ | |
| বীমা খরচ | ২,৪৫০.০০ | |
| ব্যাংক ওভারড্রাফট | | ১,২৫০.০০ |
| ঋণ-(১-১-২০২২ ) | | ১৫০০০.০০ |
| যন্ত্রপাতি | | |
| বেতন | | |
| উত্তোলন | ১০,০০০.০০ | |
| মূলধন | ২,৩২৫.০০ | |
| দেনাদার | ১২,০০০.০০ | |
| পাওনাদার | | ১৯,২৭৫.০০ |
| নগদ | ১১,৭২৫.০০ | |
| | | ৯,৭৫০.০০ |
| | ১৭,৫০০.০০ | |
| | ৮১,০৭৫.০০ | ৮১,০৭৫.০০ |

**সমন্বয়সমূহ ঃ**

১. মজুদ পণ্য (৩১/১২/২০২২) ৩,০০০ টাকা
২. স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।
৩. ঋণের ওপর ৬% হারে ৬ মাসের সুদ বকেয়া রয়েছে।
৪. বেতন বকেয়া ২,০০০ টাকা।

ক) ঋণের বকেয়া সুদের পরিমান কত? ২
খ) আমিন সাহেবের ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪
গ) আমিন সাহেবের ৩১/১২/২২ তারিখের মালিকানা স্বত্বের পরিমান কত? ৪

৫। খাদিজা এন্ড কোং -এর ৩১ শে ডিসেম্বর, ২০২৩ সালের রেওয়ামিল নিম্নরূপ :

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৪০,০০০.০০ | ১,০৫,০০০.০০ |
| ফেরত | ৫০০০.০০ | |
| কারবারি বাট্টা | ১,০৫০.০০ | |
| পরিবহন খরচ | ২,৫০০.০০ | |
| বীমা প্রিমিয়াম | ৭৫০.০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২,৫০০.০০ | |
| বাট্টা প্রাপ্তি | | ১০০০.০০ |
| শিক্ষানবিশ ভাতা ও সেলামি | ১,৩০০.০০ | ২,৬০০.০০ |
| বেতন | ৫০০০.০০ | |
| দেনাদার | ৪০,০০০.০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০.০০ | |
| | ১,১০,৩৫০.০০ | ১,১০,৩৫০.০০ |

**সমন্বয়সমূহ ঃ**

১. সমাপনী মজুদপণ্য ১২,৩০০ টাকা।
২. পণ্য ক্রয় ২,০০০ টাকা হিসাবভূক্ত হয়নি।
৩. খাদিজা এন্ড কোং-এর স্বত্বাধিকারী ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেছে যা হিসাবভুক্ত হয়নি।
৪. দেনাদারের ওপর ৪% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে।
৫. বিজ্ঞাপন খরচ ৫ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

ক) অপরিচালন আয়ের পরিমান কত? ২
খ) উপর্যুক্ত তথ্যের আলোকে যথাযথ ছকে খাদিজা এন্ড কোং এর মোট মুনাফা নির্ণয় কর। ৪
গ) বছর শেষে খাদিজা এন্ড কোং এর পরিচালন মুনাফা কত হবে ছকে ব্যবহার করে নির্ণয় কর। ৪

৬। নিখিল চন্দ্রের ব্যবসায়ের ৩০/০৬/২০২২ তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০.০০ | ৩,০০,০০০.০০ |
| অন্তর্মূখী ফেরত | ৪০০০.০০ | |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ৬,০০০.০০ | ১১,০০০.০০ |
| বিবিধ স্থায়ী সম্পদ | ১,০০,০০০.০০ | |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৩,০০০.০০ | ২,৬০০.০০ |
| কমিশন | ১০০০.০০ | ৪০০.০০ |
| বাট্টা | ৪০০০.০০ | ৩০০০.০০ |

| | | |
|---|---|---|
| বেতন (১০ মাস)<br>উত্তোলন ও মূলধন<br>দেনাদার ও পাওনাদার<br>হাতে নগদ<br>প্রারম্ভিক মজুদ পণ্য<br>কারবারি বাট্টা | ২০,০০০.০০<br>৯০,০০০.০০<br>৮২,০০০.০০<br>৪৫,০০০.০০<br>৫২,০০০.০০<br>৩০০০.০০ | <br>২,০০,০০০.০০<br>৪২,০০০.০০<br><br><br>১,০০০.০০ |
| | ৫৬০,০০০ | ৫৬০,০০০ |

**সমন্বয়সমূহ ঃ**

১. সমাপনী মজুদপণ্যের বাজার মূল্য ২২,০০০ টাকা ও ক্রয় মূল্য ২০,০০০ টাকা।
২. স্থায়ী সম্পদের ওপর ৫% অবচয় ধরতে হবে।
৩. দেনাদারের ১০% অনাদায়ী দেনা সঞ্চিতি ধার্য কর।
৪. মূলধনের ওপর ৫% হাওে সুদ ধরতে হবে।

ক) নিখিল চন্দ্রের চলতি সম্পদের মোট পরিমান নির্ণয় কর। ২
খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ৩০ শে জুন ২০১২ তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ) নিখিল চন্দ্রের ব্যবসায়ের নীট মুনাফার অনুপাত নির্ণয় কর। ৪

# অধ্যায়-১১-পণ্যের ক্রয়মুল্য, উৎপাদন ব্যয়ও বিক্রয়মূল্য নির্ধারণ

**১। জনাব আব্দুল হামিদ একজন আম ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে আম এনে পাইকারি দরে ঢাকায় বিক্রয় করেন। তথ্যাবলী নিম্নরুপ-**

- প্রতি ঝুড়ি ৫০০ টাকা দরে ২০০ ঝুড়ি আম ক্রয়
- আম ঢাকায় আনা বাবদ পরিবহন ভাড়া ৫,০০০ টাকা
- কুলি খরচ প্রতি ঝুড়ি ১০ টাকা

আম ট্রাক থেকে নামানোর পর দেখতে পেলেন ১০ ঝুড়ি আম সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে এবং বিক্রয় অযোগ্য।

ক) মোট প্রত্যক্ষ খরচের পরিমাণ কত? ২
খ)জনাব আব্দুল হামিদ-এর প্রতি ঝুড়ি আমের মোট ব্যয় কত? ৪
গ) প্রতিটি ঝুড়িতে ৫ কেজি আম থাকলে প্রতি কেজি আম কত টাকায় বিক্রয় করলে মোট ব্যয়ের ২০% লাভ হবে। ৪

**২। আমিন পেপার প্রতি দিস্তা ১৮ টাকা দরে ১০০ রিম কাগজ ক্রয় করে। এর জন্য মজুরি ৫০০ টাকা এবং গাড়ি ভাড়া ১,০০০ টাকা প্রদান করেন। কাগজ বিক্রয়ের জন্য দোকান ভাড়া বাবদ ২,০০০ টাকা এবং বিক্রয়কর্মীর কমিশন বাবদ ৫০০ টাকা ব্যয় করে। প্রতিষ্ঠানটি প্রতি দিস্তা কাগজে ২ টাকা লাভ করে থাকে।**

ক) আমিন পেপার হাউজের প্রতি রিম কাগজের ক্রয়মূল্য কত? ২
খ) আমিন পেপার হাউজের মোট ব্যয় নির্ণয় কর। ৪
গ) আমিন পেপার হাউজের প্রতি দিস্তা কাগজের বিক্রয়মূল্য নিরুপণ কর। ৪

**৩। কুমিল্লার শাপলা প্রিন্টার্স, উত্তরা ব্যাংক প্রধান কার্যালয় থেকে ২০১৪ সালে ৫,৫০০ টি ডায়রী প্রস্তুতের একটি কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয় :**

| | | |
|---|---|---|
| কাগজ ক্রয় | – | ৭০,০০০ টাকা |
| ছাপার কালি ক্রয় | – | ২৫,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরী | – | ১২,৫০০ টাকা |
| আঠা ও সুতা ক্রয় | – | ৫,০০০ টাকা |
| কারখানা ভাড়া | – | ১০,০০০ টাকা |
| কারখানার বিদ্যুৎ খরচ | – | ৩,৫০০ টাকা |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | – | ১২,০০০ টাকা |
| আপ্যায়ন খরচ | – | ১,৫০০ টাকা |
| বিল আদায় খরচ দরপত্র উদ্ধৃত মূল্যের | – | ২% |
| প্রতিটি ডায়রীর দরপত্র উদ্ধৃত মূল্য | – | ৩৫ টাকা |

ক) শাপলা প্রিন্টার্সের মুখ্য ব্যয় কত? ২
খ) শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়রীর উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪
গ) শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়রীর লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

**৪। বরিশালের প্রসিদ্ধ ব্যবসায়ী জনাব নুরুল আলম ঢাকা থেকে প্রতিটি ২৭০ টাকা দরে ১০০০ টি শার্ট ক্রয় করেন। এজন্য গাড়ি ভাড়া বাবদ ১,৫০০ টাকা এবং কুলির মজুরি বাবদ ৫০০ টাকা প্রদান করেন। তিনি তার ক্রয়কৃত প্রতিটি শার্ট ৩০ টাকা লাভে বিক্রয় করতে গিয়ে দেখেন প্রত্যাশিত লাভ হয় না। কিন্তু তার পার্শ্বের ব্যবসায়ী জনাব ইসমাইল হোসেন ৪,০০০ টাকায় একটি কারখানা ভাড়া করে ১,০০,০০০ টাকার কাপড় তৈরি করেন। এজন্যে মজুরি বাবদ ২০,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ বাবদ ২৬,০০০ টাকা এবং বিক্রয়কর্মীর বেতন বাবদ ৫,০০০ টাকা খরচ করেন। তিনি তার তৈরিকৃত শার্টগুলো মোট ২,০০,০০০ টাকায় বিক্রয় করেন।**

ক) উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব নুরুল আলমের ক্রয়কৃত শার্টের মোট ক্রয়মূল্য নিরূপণ কর। ২
খ) জনাব ইসমাইল হোসেনের প্রস্তুতকৃত শার্টের মোট ব্যয় নির্ণয় কর। ৪
গ) জনাব নুরুল আলম এবং জনাব ইসমাইলের অর্জিত মুনাফার পার্থক্য নিরুপণ কর। ৪

**৫। আশরাফ এন্ড কোং ৩০/০৬/২০১৪ তারিখে সমাপ্ত বছরে মোট ২,০০,০০০ ইট প্রস্তুত করে। ইট প্রস্তুতের খরচগুলো নিম্নরূপ:**

| | টাকা |
|---|---|
| মাটি ক্রয় | ১,৬০,০০০ |
| মাটি বহন খরচ | ৪০,০০০ |

| | |
|---|---|
| কয়লা খরচ | ২,০০,০০০ |
| শ্রমিকের মজুরী | ৪০,০০০ |
| ইট খোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ৪,০০০ |
| মাটি ছানা করার খরচ | ২০,০০০ |
| অফিসের ভাড়া | ১২,০০০ |
| বিক্রয় কেন্দ্রে ইট রাখার খরচ | ৪,০০০ |
| বিক্রয় কেন্দ্রে ইট আনার খরচ | ১০,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৪,০০০ |
| বিক্রয় কর্মীর বেতন | ৬,০০০ |

ক) ইট প্রস্তুতের মোট পরিচালন ব্যয় কত?
খ) আশরাফ এন্ড কোং-এর ২,০০,০০০ ইটের উৎপাদন ব্যয় নির্ণয় কর।
গ) আশরাফ এন্ড কোং মোট ব্যয়ের উপর ২০% মুনাফায় ইট বিক্রয় করতে চাইলে প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য কত নির্ধারণ করতে হবে?

**৬। একজন বৈদ্যুতিক পাখা উৎপাদনকারী ৫০০টি পাখা উৎপাদনে নিম্নোক্ত খরচসমূহ করেন ঃ—**

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| **কাঁচামাল ক্রয়** | **৫,২৫,০০০** |
| **ক্রয় পরিবহন** | **১০,০০০** |
| **মজুরি (প্রতি পাখা)** | **৫২৫** |

কারখানা উপরিব্যয় মুখ্য ব্যয়ের ৩%, অফিস ও প্রশাসনিক খরচ ১৭,৬২৫ টাকা, প্রতিটি ফ্যান বিক্রয়ে তারা বিক্রেতাকে ৬০ টাকা করে কমিশন প্রদান করে।
ক) উপর্যুক্ত ফ্যান তৈরির মুখ্য ব্যয় কত? ২
খ) উপর্যুক্ত প্রতিটি ফ্যানের মোট ব্যয় নির্ণয় কর। ৪
গ) উৎপাদনকারীকে শতকরা ১৫% মুনাফা করতে হলে প্রতিটি ফ্যান তাকে কত টাকায় বিক্রয় করতে হবে? ৪

**৭।ঢাকা ম্যানুফ্যাক্চারিং লিমিটেড এর হিসাব বই থেকে ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে নিম্নোক্ত তথ্যাবলী সংগৃহীত হয়েছে:**

| | টাকা |
|---|---|
| **কাঁচামালের মজুদ (১-১-২৩)** | **১০,০০০** |
| **কাঁচামালের মজুদ (৩১-১২-২৩)** | **৮,০০০** |
| **চলতি কার্যের মজুদ (১-১-২৩)** | **৩,০০০** |
| **চলতি কার্যের মজুদ (৩১-১২-২৩)** | **৪,০০০** |
| **তৈরি পণ্যের মজুদ (১-১-২৩)** | **৬,০০০** |
| **তৈরি পণ্যের মজুদ (৩১-১২-২৩)** | **৩,৫০০** |
| **তৈরি পণ্যের বিক্রয়** | **৭০,০০০** |
| **কাঁচামাল ক্রয়** | **৮,০০০** |
| **প্রত্যক্ষ মজুরি** | **৬,০০০** |
| **আন্তঃমুখী বহন খরচ** | **২,০০০** |
| **কারখানা খরচ** | **৪,০০০** |
| **কর্মচারীর বেতন** | **৬,০০০** |
| **বিক্রয়কর্মীর বেতন** | **৫,৫০০** |
| **বিজ্ঞাপন খরচ** | **৪,৫০০** |

ক) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মুখ্য ব্যয় নির্ণয় কর। ২
খ) প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ) প্রতিষ্ঠানটির বৎসরের শেষে নিট পরিচালন মুনাফা নির্ণয় কর। ৪

**৮। খুলনার গ্লোরী আর্ট প্রেস, রূপসা ব্যাংক থেকে ২০২৪ সালের ৫,০০০ পিস ক্যালেন্ডার তৈরির একটি কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয় :**

| | টাকা |
|---|---|
| **কাগজ ক্রয়** | **১,১০,০০০** |
| **কাগজের বহন খরচ** | **২,০০০** |
| **যন্ত্রপাতির অবচয়** | **৫,০০০** |
| **শ্রমিকের মজুরি** | **২০,০০০** |
| **কারখানার ভাড়া** | **১০,০০০** |
| **কারখানার বিদ্যুৎ খরচ** | **৬,৫০০** |
| **অফিস ভাড়া** | **১২,০০০** |
| **ব্যবস্থাপকের সম্মানী** | **২,৫০০** |
| **বিক্রয় ও বিতরণ খরচ** | **২,০০০** |

প্রতি পিস ক্যালেন্ডারের বিক্রয় মূল্য ৪০ টাকা
ক) গ্লোরী আর্ট প্রেস-এর মুখ্য ব্যয় কত? ২

খ) গ্লোরী আর্ট প্রেস-এর প্রতি পিস ক্যালেন্ডারের উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ) গ্লোরী আর্ট প্রেস-এর প্রতি পিস ক্যালেন্ডারের নিট পরিচালন মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

# অধ্যায়-১২-পারিবারিক ও আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের হিসাব

**১। ১লা জানুয়ারি ২০১৪ তারিখে ডা. মাহাদীর পারিবারিক অবস্থা নিম্নরূপ :**
বাড়িঘর ১০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৯০,০০০ টাকা, বিনিয়োগ ১০,০০০ টাকা, গহনাপত্র ৮০,০০০ টাকা, হাতে নগদ ৩,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৬,০০০ টাকা।

ডা. মাহাদীর পারিবারিক প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১শে ডিসেম্বর ২০১৪ সালের সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | পরিশোধসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-১৪) | ৩,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| বেতন | ৩,৬৩,০০০ | দৈনন্দিন বাজার | ১,২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | টেলিভিশন ক্রয় | ২৩,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,২০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষা খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ২১,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ২,২৫,০০০ |
| | | উদ্বৃত্ত | ৭,০০০ |
| | ৪,৮৭,৫০০ | | ৪,৮৭,৫০০ |

অন্যান্য তথ্যাবলী :
১. গ্যাস, পানি ও বিদ্যুৎ খরচ ১,৫০০ টাকা বকেয়া আছে।
২. বিনিয়োগের সুদ ১,০০০ টাকা পাওয়া যায়নি।
ক) ডা. মাহাদীর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর।
খ) ৩১ শে ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপ্ত বছরের তার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর।
গ) উক্ত তারিখের ডা. মাহাদীর পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

**২। জনাব আহসান হাবিব মাসে ১২,০০০ টাকা বেতনে একটি বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরি করেন। এছাড়াও তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসে ৫,০০০ টাকা সম্মানী পান। ২০১৪ সালের ১ জানুয়ারী তার ২,০০,০০০ টাকা এবং ডিপিএস এ জমা ১,০০,০০০ টাকা। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ :**
**খাদ্যসামগ্রী ক্রয় ৩০,০০০ টাকা। বাড়িভাড়া প্রদান ৫০,৪০০ টাকা। দৈনন্দিন বাজার খরচ ২৪,০০০ টাকা। আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা। মুদি ও মনিহারি বিল ২,৫০০ টাকা। গহনা ক্রয় ৬০,০০০ টাকা। ডিপোজিট পেনশন স্কিমে জমা ১৫,২০০ টাকা।**
ক) উদ্দীপক হতে জনাব আহসান হাবিবের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর।
খ) জনাব আহসান হাবিবের পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর।
গ) উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় কর।

**৩। এক বিঘার একটি পুকুরে মৎস্য চাষ প্রকল্পে ১ বছরে নিম্নলিখিত আয় ব্যয় হয়েছে-**

| | |
|---|---|
| **পুকুরের বার্ষিক লিজ ও সংস্কার খরচ** | **২০,০০০** |
| **মাছের পোনা ক্রয়** | **৪,০০০** |
| **চুন ক্রয় প্রতি কেজি ১০.০০ টাকা দরে ৪০ কেজি** | |
| **জৈব সার প্রতি কেজি ৫.০০ টাকা দরে ১০০ কেজি** | |
| **অজৈব সার প্রতি কেজি ১০.০০ টাকা দরে ১০ কেজি** | |
| **চালের কুঁড়া প্রতি কেজি ৫.০০ টাকা দরে ৫০০ কেজি** | |
| **সরিষার খৈল প্রতি কেজি ১৫.০০ টাকা দরে ১০০ কেজি** | |
| **পাহাড়া ও রক্ষণাবেক্ষণ কাজের নিয়োজিত শ্রমিকের বেতন** | **১৫,০০০** |
| **পানি সেচ** | **২,০০০** |
| **মাছ ধরার খরচ** | **২,৫০০** |
| **বিবিধ খরচ** | **৩,০০০** |

**প্রকল্পটির জন্য ১৫% হার সুদে ১ লক্ষ টাকা ব্যাংক ঋণ নেওয়া হয়েছে।**
ক) প্রকল্পে মোট কত টাকা বিনিয়োগ করা হয়েছে?
খ) মাছ চাষ প্রকল্পে ১,০০০ কেজি মাছ উৎপাদন হলে প্রকল্পের মোট ব্যয় নির্ধারণ কর।
গ) প্রতি কেজি ১৫০ টাকা দরে বিক্রয় করা হলে প্রকল্পের নিট মুনাফা কত?

**৪। মানিকগঞ্জের নয়নতারা তার স্বামীর সহায়তায় চার বছর মেয়াদী একটি পারিবারিক দুগ্ধ খামার স্থাপন করেন। তাঁর খামারের বিনিয়োগ ও অন্যান্য তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হলো:**

| | |
|---|---|
| গোয়াল ঘর ও গাভীর মূল্য বাবদ | ১,২৫,০০০ টাকা |
| খাবারপত্র, পানির পাত্র, বালতি, দোহন যন্ত্র ক্রয় | ১৪,০০০ টাকা |
| গো-খাদ্য, চিকিৎসা ও আনুষঙ্গিক খরচ বাবদ প্রতি বছরের জন্য | ৪০,০০০ টাকা |
| ১ম বছরে আয় | ১,০০,০০০ টাকা |
| ২য় ও ৩য় বছরে আয় | ১,৫০,০০০ টাকা |
| ৪র্থ বছরে আয় | ৭০,০০০ টাকা |
| প্রকল্প শেষে গাভী ও বাছুর বিক্রয় বাবদ আয় | ১,২০,০০০ টাকা |

উক্ত প্রকল্পের জন্য ১৫% সরল সুদে স্থানীয় এনজিও হতে ১ (এক) লক্ষ টাকা ঋণ নেয়া হয়েছে এবং প্রকল্পটি বীমাকরণে মোট ৫,০০০ টাকা বীমা সেলামী পরিশোধ করা হয়েছিল।
ক) প্রকল্পটিতে নয়নতারার বিনিয়োগকৃত মোট মূলধন কত?
খ) উক্ত প্রকল্পের মোট আবর্তক ব্যয় নির্ণয় কর।
গ) মেয়াদ শেষে উক্ত প্রকল্প হতে নয়নতারার নিট লাভের পরিমাণ নির্ণয় কর।

